গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
(সংস্থাপন শাখা)
www.sylhetdiv.gov.bd

নম্বর: ০৫.৪৬.০০০০.০০৪.১১.০০২.১৪.১১০৬ (৬৮)    তারিখ: ০২/১০/২০১৬ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০১৯.১৪-২২০ নং স্মারকের পরিপ্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর নিম্নেবর্ণিত শূন্য পদের বিপরীতে প্রদর্শিত ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলে প্রদত্ত বেতন ভাতায় অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত সিলেট বিভাগের স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগামী ১৬.১০.২০১৬ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অফিসের নির্ধারিত ফরমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহায়ক | গ্রেড-২০ (টাকা ৮২৫০-২০০১০/-) | ০৪ (চার) | (ক) অষ্টম শ্রেণী পাশ |

## শর্তাবলী

(১) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং সিলেট বিভাগের স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বিবাহিত বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ কেউ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

(২) অফিসের নির্ধারিত আবেদন ফরমটি www.sylhetdiv.gov.bd ওয়েব সাইটের প্রথম পাতার নোটিশ বোর্ড সেকশনে এবং এ অফিসে পাওয়া যাবে।

(৩) আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

(ক)শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সনদপত্র/সাময়িক সনদপত্রের অনুলিপি।

(খ) সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের কপি।

(গ) জাতীয় পরিচয় পত্র এবং জন্ম নিবন্ধন সনদের অনুলিপি।।

(ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের কপি।

(ঙ) ১-০৭৪১-০০০০-২০৩১ নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে 'পরীক্ষার ফি বাবদ' ৫০/-(পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে চালানের মূলকপি দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।

(চ) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ যোগ্য প্রার্থীদের মুক্তিযোদ্ধা সংক্রান্ত সনদপত্রের অনুলিপি। (প্রযোজ্য ক্ষেত্রে)।

(ছ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি (যা আবেদন ফরমের নির্ধারিত স্থানে লাগাতে হবে)।

(জ) নির্ভুল ঠিকানায় প্রবেশ পত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সঙ্গে নিজের নাম-ঠিকানা লিখিত ৬/- টাকার ডাক টিকেট (অব্যবহৃত) লাগানো ১০.৫"×৪.৫" সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে।

(৪) প্রার্থীর বয়সসীমা ৩০.০৯.২০১৬ খ্রিস্টাব্দ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র/কন্যা এবং পুত্র/কন্যা পাওয়া না গেলে পুত্র/কন্যার পুত্র/কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত বয়স শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(৫) (ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা অথবা পুত্র/কন্যার পুত্র/কন্যা হিসেবে চাকুরি প্রার্থীকে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্রের অনুলিপি অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্রের অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না।

(খ) প্রার্থী যদি মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হয় সেক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্ক উল্লেখপূর্বক ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

(৬) নির্দিষ্ট কোন কোটায় নিয়োগের দাবিদার প্রার্থীকে তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্রের কপি দাখিল করতে হবে। অন্যতায় তার দাবী গ্রহণযোগ্য হবে না।

(৭) খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে), এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম-ঠিকানা স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে।

(৮) চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

(৯) **আগামী ১৬.১০.২০১৬ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে** আবেদনপত্র ডাকযোগে 'কমিশনার, সিলেট বিভাগ, সিলেট, ডাক: কদমতলী, সিলেট' এই ঠিকানায় অথবা দপ্তরে স্থাপিত দরখাস্ত গ্রহণ বাক্সে পৌঁছাতে হবে। হাতে হাতে কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

(১০) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।

(১১) আবেদন পত্রে বর্ণিত যে কোন তথ্য যে কোন পর্যায়ে ভূয়া/মিথ্যা প্রমাণিত হলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১২) নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.sylhetdiv.gov.bd ওয়েব সাইট হতে জানা যাবে এবং পরীক্ষার জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে।

(১৩) নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১৪) নিয়োগ সংক্রান্ত সকল সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে।

(১৫) আবেদন পত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা প্রমাণে ভূমিকা রাখবে।

(মো: জামাল উদ্দীন আহমেদ)
কমিশনার
সিলেট বিভাগ, সিলেট
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচনী বোর্ড, সিলেট।
ফোন: ০৮২১-৮৪০০০২

সদয় অবগতি এবং নিজ ও অধঃস্তন অফিসের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হলো:

১-২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপ-মহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।
৪। পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
৫-৮। জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার (ওয়েবসাইটে বিজ্ঞপ্তি ও নির্ধারিত ফরমটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো)। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
৯-১২। পুলিশ সুপার, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
১৩-১৬। সিভিল সার্জন, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
১৭। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, মীরের ময়দান, সিলেট (বিজ্ঞপ্তিটি আগামী ১০/১০/২০১৬ খ্রিস্টাব্দ তারিখের পূর্বে কয়েকদিন বেতারে প্রচারের অনুরোধসহ)।
১৮। সিনিয়র সহকারী সচিব, প্রেস-১ ও বিজ্ঞাপন, তথ্য মন্ত্রণালয়, কক্ষ নং- ৮০৭ (৮ম তলা), ভবন নং- ৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। সিনিয়র সহকারী প্রধান, উদ্বৃত্ত কর্মচারী শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, সিলেট।
২১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, সিলেট।
২২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট।
২৩। উপ-পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট।
২৪। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সিলেট।
২৫। পরিচালক, আনসার ও ভিডিপি, সিলেট।
২৬। জেলা রেজিস্ট্রার, সিলেট।
২৭। উপ-পরিচালক, সরকারি কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, উপশহর, সিলেট।
২৮। সহকারী পরিচালক, জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, সিলেট।
২৯-৩১। জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
৩২-৩৫। কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার, জেলা কমান্ড।
৩৬-৩৭। সম্পাদক, যুগান্তর/দৈনিক সিলেটের ডাক।
৩৮। নাজির, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।